কুষ্টিয়ার সড়ক দুর্ঘটনায় যুবক নিহত

কুষ্টিয়ায় মোটরসাইকেলের সাথে ইজিবাইকের মুখোমুখি সংঘর্ষে মারুফ
(২২) নামে এক যুবক নিহত হয়েছেন।

মঙ্গলবার সকালের দিকে কুষ্টিয়া শহরতলীর খাজানগর এলাকায় এ দূর্ঘটনা ঘটে। নিহত মারুফ মিরপুর উপজেলার পোড়াদহ উত্তর কাটদহ গ্রামের মুক্তার আলীর ছেলে।

স্থানীয় সূত্রে জানা যায় মারুফ হোসেন পোড়াদহ বাজারে মা গার্মেন্টস কর্মচারী ছিলেন। সকালের দিকে পোড়াদহ থেকে গার্মেন্টসের পোশাক কেনার জন্য কুষ্টিয়া শহরে উদ্দেশ্যে রওনা হলে খাজানগর এলাকায় ইজিবাইকের সাথে মোটর সাইকেলের মুখোমুখি সংঘর্ষ ঘটে। এতে মোটরসাইকেল চালক মারুফ ঘটনাস্থলে মারা যান এবং ইজিবাইক চালককে স্থানীয়দের সহায়তায় কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নিয়ে যান। বর্তমানে তার অবস্থা আশংকাজনক বলে জানিয়েছেন চিকিৎসক।

কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ছাবিরুল বিষয়টি নিশ্চিত করে জানান, ঘটনাস্থলে পুলিশ গিয়ে মারুফের মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে।

কুষ্টিয়ায় আরও ১২ জনের মৃত্যু

কুষ্টিয়ায় গত ২৪ ঘণ্টায় আরো ১২ জনের মৃত্যু হয়েছে। এদের মধ্যে ৯ জন করোনায় আক্রান্ত হয়ে এবং আর ৩ জনের করোনার উপসর্গ নিয়ে কুষ্টিয়া ডেডিকেটেড হাসপাতালে মারা যান।

১৯ জুলাই (সোমবার) সকাল ৮টা থেকে আজ ২০ জুলাই (মঙ্গলবার) সকাল ৮টা পর্যন্ত সময়ে এদের মৃত্যু হয়েছে।

এছাড়াও ২৪ ঘণ্টায় আরো ৪২১ জনের করোনা শনাক্ত হয়েছে। নমুনা

পরীক্ষা বিবেচনায় শনাক্তের হার বেড়ে ৩৩.৩৬ শতাংশ হয়েছে।

কুষ্টিয়া করোনা ডেডিকেডেট জেনারেল হাসপাতালে রোগীর চাপ অব্যাহত আছে জানিয়ে তত্বাবধায়ক ডা. আব্দুল মোমেন জানান, ২শ’ বেডে করোনা ও এর উপসর্গ নিয়ে এখন ভর্তি আছে ২৫৩ জন। এর মধ্যে করোনা শনাক্ত রোগীই ১৮২ জন। বাকিরা করোনার উপসর্গ নিয়ে ভর্তি আছেন। প্রায় ৭০ শতাংশ রোগীদের অক্সিজেন প্রয়োজন হচ্ছে।

এদিকে নতুন এক হাজার ৬২ জনের নমুনা পরীক্ষা করে ৪২১ জনের দেহে করোনাভাইরাস শনাক্ত হয়েছে। জেলায় করোনায় মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ৪৩১ জনে। শনাক্ত ৪২১ জনসহ আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ১২ হাজার ৫৯২ জনে।

জেলা প্রশাসকের কার্যালয় সূত্রে জানা গেছে, গত ২৪ ঘণ্টায় জেলায় নমুনা পরীক্ষা বিবেচনায় করোনা শনাক্তের হার ৩৩ দশমিক ৩৬ শতাংশ। নতুন করে শনাক্ত হওয়া ৪২১ জনের মধ্যে কুষ্টিয়া সদরের ১৩৬ জন, দৌলতপুরের ৭৫ জন, কুমারখালীর ৭৩ জন, ভেড়ামারার ৫৪ জন, মিরপুরের ৫৪ জন ও খোকসার ২৯ জন রয়েছেন।

কুষ্টিয়া জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) আশরাফুল ইসলাম জানান, গত ৭ দিনেই কুষ্টিয়ায় করোনা আক্রান্ত ৭৩ জনের মৃত্যু হয়েছে এবং ১ হাজার ৭১৯ জন করোনায় আক্রান্ত হয়েছে। এ পর্যন্ত শুধু করোনা আক্রান্ত ৪৩২ জনের মৃত্যু হলো।

কুষ্টিয়ার সিভিল সার্জণ ডা: এইএইচ এম আনোয়ারুল ইসলাম জানান, এখন পর্যন্ত জেলায় ৮০ হাজার ৪৯৭ জনের নমুনা পরীক্ষার জন্য নেওয়া হয়েছে। নমুনা পরীক্ষার প্রতিবেদন পাওয়া গেছে ৭৬ হাজার ২৪৭ জনের। বর্তমানে কুষ্টিয়ায় সক্রিয় করোনা রোগীর সংখ্যা ৪ হাজার ১৭৫ জন। তাদের মধ্যে হাসপাতালে চিকিৎসাধীন আছেন ২৫৪ জন ও হোম আইসোলেশনে আছেন ৩ হাজার ৯২১ জন।

এদিকে, ঈদকে সামনে নিয়ে রাজধানী ঢাকা থেকে জেলার মানুষ বাড়িতে আসছেন। শহরের দোকানপাট ব্যবসা প্রতিষ্ঠানে ভিড় বাড়ছে। শহরে ও গ্রামে অধিকাংশ মানুষ স্বাস্থ্যবিধি মানছেন না।

কুষ্টিয়ার মিরপুরে পুলিশের অভিযানে ৫ মাদক ব্যবসায়ী আটক

কুষ্টিয়ার মিরপুরে পুলিশ অভিযান চালিয়ে ২শ পিচ টাপেন্টাডল ট্যাবলেটসহ সজিব জোয়ার্দ্দার(২৪) নামে এক মাদক ব্যবসায়ী কে আটক করেছে।

গত সোমবার দিবাগত রাতে মিরপুর থানা পুলিশের একটি টিম বিশেষ অভিযান পরিচালনা করে গোপন সংবাদের ভিত্তিতে মিরপুর উপজেলার ফকিরাবাদ এলাকা থেকে তাকে আটক করে। এসময় তার কাছে থাকা একটি প্যাকেটে ২শ পিচ টাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করা হয়।

আটককৃত সজিব জোয়ার্দ্দার মিরপুর উপজেলার ফকিরাবাদ এলাকার মোঃ মুকুল জোয়ার্দ্দার ছেলে।

পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে ফকিরাবাদ এলাকার সজিব জোয়ার্দ্দার এর বসত ঘরে থেকে ২০০ পিচ টাপেন্টাডল ট্যাবলেট সহ মাদক ব্যবসায়ী মোঃ সজিব জোয়ার্দ্দারকে আটক করা হয়।

এছাড়াও মিরপুর উপজেলার কালিতলা-পোড়াদহ সড়কের ছাতিয়ান মাঠের সামনে পাকা রাস্তা সংলগ্ন বটগাছের নিচ থেকে পোড়াদহ ইউনিয়নের চিথলিয়া এলাকার আব্দুর রাজ্জাকের ছেলে মোঃ বাপ্পারাজ হোসেন(২৪),দক্ষিন কাটদহ এলাকার মৃতঃ আফসার আলী মন্ডলের ছেলে রাজা আলী(৩০), চিথলিয়া এলাকার মৃতঃ ফজল মিস্ত্রির ছেলে মোঃ সোহেল রানা(৩৭) একই এলাকার মৃতঃ খলিলুর রহমানের ছেলে তোফাজ্জেল হোসেন(৪০) কে মাদক কেনাবেচার সাথে জড়িত থাকার অপরাধে তাদের আটক করে। এসময় ৫০ পিস ইয়াবা জব্দ করা হয়।
আটককৃতদের বিরুদ্ধে নিয়মিত মামলা দায়ের করা হয়েছে।

কুষ্টিয়ার অতিরিক্ত পুলিশ সুপার (মিরপুর সার্কেল) মোঃ আজমল হোসেন জানান, মাদক বিরোধী অভিযান অব্যাহত থাকবে।

ত্রিশালে পথশিশু কল্যান ফাউন্ডেশনের ঈদ বস্ত্র বিতরণ ও মেহেদী উৎসব আয়োজন

ময়মনসিংহের ত্রিশালে পথশিশু কল্যান ফাউন্ডেশনের ঈদ বস্ত্র বিতরণ ও মেহেদী উৎসব আয়োজন করা হয়েছে। সোমবার বিকালে পথশিশু কল্যান ফাউন্ডেশন ত্রিশাল শাখার কর্তৃক আয়োজিত, ঈদ-উল-আযহা উপলক্ষে সুবিধা বঞ্চিত ও পথশিশু মাঝে ঈদ বস্ত্র বিতরণ ও মেহেদী উৎসব আয়োজন করা হয়।

উক্ত অনুষ্ঠানে সঞ্চালনায় ছিলেন, এম এম এ মানিক। এসময় উপস্থিত ছিলেন পথশিশু কল্যান ফাউন্ডেশনের উপদেষ্টা জিলুর রহমান আকন্দ,ফেরদৌস আলম শিবিব। অর্থ সম্পাদক, জাহিদুল ইসলাম, সহ অর্থ সম্পাদক, তানজিনা আক্তার মুন্নী, অদম্য স্কুল পরিচালক, জাহিদুল ইসলাম,সহ-স্কুল পরিচালক, মাসুদ রানা, আইটি ও মিডিয়া সম্পাদক,অনিকা বুশরা নিশাত,সহ -আইটি ও মিডিয়া সম্পাদক এবিএস আল আমিন,সহ প্রোগ্রাম সম্পাদক জিন্নাত কাউসার,হাসির খাবার সমন্বয়ক হৃদয় হাসান, ও জিয়াদুল ইসলাম।

গাংনীতে ১৪ বোতল বেঙ্গল টাইগার মদসহ আটক-১

মেহেরপুরের গাংনীতে ১৪ বোতল বেঙ্গল টাইগার মদসহ সাচ্চু হোসেন ওরফে মাসুদ রানা (৩০) নামেক এক মাদক কারবারিকে আটক করেছে জেলা ডিবি পুলিশ। সোমবার বিকেল সাড়ে ৫টার দিকে তাকে আটক করে।

আটককৃত সাচ্চু কুষ্টিয়া দৌলতপুর উপজেলার ধর্মদহ গ্রামের পূর্বপাড়ার কাবিল হোসেনের ছেলে।

মেহেরপুর জেলা ডিবি পুলিশের ওসি জুলফিকার আলী জানান, মেহেরপুর

গাংনী উপজেলার সীমান্তবর্তী কাজীপুর এলাকায় মাদক পাচার হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে এসআই অজয় কুমার কুন্ডু,এএসআই হেলাল উদ্দীন সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে ১৪ বোতল বেঙ্গল টাইগার মদসহ সাচ্চু হোসেনকে আটক করে।

আটককৃত সাচ্চু হোসেনের বিরুদ্ধে গাংনী থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে। আরো জানান, আটককৃত বেঙ্গল টাইগার মদ এর ওজন ০৮:৪০লিটার। তার বিরুদ্ধে গাংনী থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে। তার বিরুদ্ধে আরও একটি মাদকের মামলা বিচারাধীন আছে।

দামুড়হুদায় করোনা ভ্যাকসিন রেজিস্ট্রেশন কেন্দ্রে উদ্বোধন

দামুড়হুদা উপজেলা প্রশাসনের উদ্যোগে করোনা ভ্যাকসিন রেজিস্ট্রেশন কেন্দ্রের উদ্বোধন করা হয়েছে। সোমবার বেলা ১২ টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদ চত্বরে রেজিস্ট্রেশন কেন্দ্রের উদ্বোধন করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান জানান, জেলা প্রশাসক নজরুল ইসলাম স্যারের নির্দেশে দামুড়হুদা উপজেলা পরিষদ চত্বরে করোনা ভ্যাকসিন রেজিস্ট্রেশন কেন্দ্রের উদ্বোধন করা হয়। কেন্দ্রের উদ্বোধন করেন উপজেলা চেয়ারম্যান আলী মুনসুর বাবু।

তিনি আরো জানান, উপজেলা প্রশাসনের পক্ষ থেকে এখানে বিনামূল্যে রেজিস্ট্রেশন করে দেওয়া হবে। সবাইকে টীকা গ্রহণের জন্য জাতীয় পরিচয় পত্রর ফটোকপি ও মোবাইল নম্বর। জরুরীভিত্তিতে রেজিস্ট্রেশন করার জন্য অনুরোধ করা হলো।

কালীগঞ্জে নিয়মিত নামাজ আদায় করে সাত শিশু পেল বাইসাইকেল উপহার

ঝিনাইদহের কালীগঞ্জে নামাজ পড়াতে উদ্বুদ্ধ করতে সাত শিশুকে সাইকেল উপহার দেওয়া হয়েছে। এছাড়া ১০ শিশুকে জায়নামাজ ও একটি করে নামাজ শিক্ষা বই ও মগ দেওয়া হয়েছে।

সোমবার দুপুরে যোহর নামাজ বাদ কালীগঞ্জ উপজেলা জামে মসজিদ থেকে এই সাইকেল শিশুদের হাতে তুলে দেন ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনার। সাইকেল বিতরণ অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার সাদিয়া জেরিন ও উপজেলা জামে মসজিদের ইমাম মাওলানা রুহুল আমিনসহ মুসল্লিরা।

সম্প্রতি ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা জামে মসজিদ কমিটি ঘোষণা করে কোন শিশু একাধারে ৪০ দিন পাঁচ ওয়াক্ত মসজিদে জামায়াতে নামাজ পড়ে তাহলে তাকে একটি সাইকেল দেওয়া হবে। সাথে তার অভিভাবককে এশা ও ফজরের নামাজ ছেলের সাথে জামায়াতে পড়তে হবে। এরপর নির্ধারিত দিন থেকে ১৭ জন শিশু প্রতিযোগীতায় অংশ নেয়।

যাদের প্রত্যেকের বয়স অনুর্ধ্ব ১০। শেষ পর্যন্ত সাত শিশু ও তার অভিভাবক শর্ত পূরন করতে পারায় এ সাইকেল উপহার দেওয়া হয়। এছাড়া প্রতিযোগীতায় অংশ নেওয়া বাকি ১০ শিশুকে বই, মগ ও জায়নামাজ দেওয়া হয়। সাইকেল পেয়ে মাহদি মাসুম নামের এক শিশু জানায়, আমি সাইকেল পেয়ে খুবই খুশি। আমি আর কখনোই নামাজ ছাড়বো না। আহম্মেদ রেদুয়ান নামের অপর শিশু জানায়, সাইকেলটি আমার জীবনের সবথেকে বড় উপহার। আমি এমন খুশি আর কখনোই হয়নি।

মেহেরপুরে আরও ১৬৪ জন করোনা আক্রান্ত! মৃত্যু-৫

মেহেরপুরে নতুন করে ১৬৪ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ৬৩ জন, গাংনীতে ৬৮ জন, মুজিবনগর ৩৩ জন।

সোমবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৪৯৫টি। তারমধ্যে ১৬৪ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৯০৩ জন। তার মধ্যে সদরে ২৬৪ জন, গাংনীতে ৫২০ জন এবং মুজিবনগরে ১১৯ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১০১ জন । মৃতদের মধ্যে সদরে ৪৪ জন, গাংনী ৩৬ জন ও মুজিবনগরে ২১ জন।

এসময় তিনি সবাইকে সামাজিক দূরত্ব, নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস, মাস্ক ব্যবহার, জনসমাগম এড়িয়ে এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানান।

মেহেরপুরে প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ

করোনায় কর্মহীন অসহায় মেহেরপুর জেলা ইটভাঙ্গা মালিক সমিতির সদস্যদের মাঝে মাননীয় প্রধানমন্ত্রীর শেখ হাসিনার উপহার সামগ্রী বিতরণ করা হয়েছে।
সোমবার সকালে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে মেহেরপুর জেলা ইটভাঙ্গা মালিক সমিতির সদস্যের মাঝে প্রধানমন্ত্রীর উপহার হিসেবে চাল বিতরণ করা হয়।
জেলা প্রশাসক ড. মুহাম্মদ মুনসুর আলম খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রধানমন্ত্রীর উপহার বিতরণ এর উদ্বোধন করেন। এ সময় সেখানে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা

মোঃ মুজাহিদুল ইসলাম, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুজন দাশগুপ্ত, মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম-সম্পাদক ইব্রাহিম শাহীন,মেহেরপুর সদর উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা প্রকৌশলী নাহিদা ইসলাম।

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে ত্রান ও ঢেউটিন বিতরন

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে এবং ত্রান ও দুর্যোগ ব্যাবস্থাপনা অফিসের সহযোগীতায় ১শত ২ বান্ডিল ঢেউটিন বিতরন করা হয়। গতকাল রবিবার সকাল ১০ টার দিকে উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুরের সভাপতিত্বে চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দির ছেলুন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ১শত ২ জনকে ১ বান করে ঢেউটিন বিতরন করেন,তাদের প্রত্যেক কে ৩ হাজার টাকার চেক তুলে দেওয়া হয়েছে।উপজেলা পরিষদ চত্তরে টিন বিতরন অনুষ্টানে প্রধান অতিথি বলেন,বর্তমান সরকার কাউকে গৃহহীন রাখতে চান না,তেমনই অসচ্ছল ব্যাক্তি ও ঘুর্নিঝড়ে ক্ষতি গ্রস্থদের পুর্বাসনে আমরা এই টিন ও নগত ৩ হাজর করে টাকা প্রদান করেছি।আওয়ামীলীগ যখনই ক্ষমতায় আসে তখনই দেশের উন্নয়ন হয়,জনগনের ভাগ্যের পরিবর্তন হয়।বর্তমানে বৈশ্বিক মহামারি চলছে এর পরও সরকারের মাননীয় প্রধান মন্ত্রী জননেন্ত্রী শেখ হাসিনা মানুষের জন্য কাজ করে যাচ্ছেন,আপনারা সকলে স্বাস্থ বিধি মেনে চলবেন,বিদেশ থেকে টিকা ক্রয় করে এনে সরকার আপনাদের ফ্রি টাকা প্রদান করছে।সকলে টিকা দেবেন,নিজে বাচুন,দেশকে বাঁচান।সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন,আলমডাঙ্গা পৌর মেয়র ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি হাসান কাদির গনু,উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাডঃ সালমুন আহম্মদ ডন,মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু,সহকারি কমিশনার ভূমি হুমায়ন কবির,থানা অফিসার ইনচার্জ আলমগীর কবির,উপজেলা আওয়ামীগের ভারপ্রাপ্ত সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার,সহসাপতি খন্দকার শাহ আলম মন্টু,হামিদুল ইসলাম, পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন,সম্পাদক মতিয়ার রহমান ফারুক,যুগ্ম সম্পাদক

সাইফুর রহমান পিন্টু,যুবলীগ নেতা সাজ্জাদুল হক স্বপন,মিজানুর রহমান মিজান,ইউপি চেয়ারম্যান আবু সাইদ পিন্টু,তরিকুল ইসলাম,প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক,সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল হক,সাকিব,অটল, প্রমুখ।